Royal College of Anaesthetists

Trusted Information Creator
Patient Information Forum

সহজ পাঠ

অ্যানেস্থেসিয়া দ্বারা অপারেশন

একটি সহজে পাঠযোগ্য পুস্তিকা

অপারেশন করা ভীতিকর শোনাতে পারে, তবে এমন কিছু জিনিস আছে যা আপনার দুশ্চিন্তা কমাতে সাহায্য করতে পারে।

আপনার কাছে কঠিন মনে হতে পারে এমন কিছু শব্দের ব্যাখ্যা এই পুস্তিকায় দেওয়া হয়েছে।

কী আশা করবেন এবং কীভাবে একটি অপারেশনের জন্য প্রস্তুত হবেন, সেগুলোও এখানে বলা হয়েছে।

আমরা আশা করি এটি আপনার জন্য সহায়ক হবে।



কঠিন শব্দগুলোর অর্থ কী

অ্যানস্থেসিয়া ('অ্যান-এস-থে-জি-আ'-এর মতো শোনায়) আপনাকে অপারেশনের সময় ঘুম পাড়িয়ে রাখে।



জেনারেল অ্যানস্থেটিকস ('অ্যান-এস-থে-টিকস'-এর মতো শোনায়) যেসব ওষুধ আপনাকে ঘুমাতে সাহায্য করে যাতে আপনি অপারেশনের সময় আরামবোধ করেন।

প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিক হাসপাতালের একটি ক্লিনিক যেখানে একজন নার্স আপনাকে আপনার স্বাস্থ্য সম্পর্কে প্রশ্ন করবেন। অ্যানস্থেটিকের পরিকল্পনা নিয়ে আলোচনা করার জন্য আপনার সাথে একজন অ্যানস্থেটিস্টেরও সাক্ষাৎ হতে পারে।



ক্যানুলা ('ক্যান-ইউ-লা'-এর মতো শোনায়) একটি পাতলা প্লাস্টিকের টিউব, আপনাকে ওষুধ বা তরল দেওয়ার জন্য একজন ডাক্তার বা নার্স এটি আপনার হাতের পেছনে স্থাপন করবেন।

হাসপাতালে কারা আপনার দেখাশোনা করবেন

হাসপাতালে আপনার অনেক মানুষের সাথে দেখা হবে। আপনার চিন্তা আসতে পারে তাঁরা কারা এবং তাঁদের কাজ কী।

অ্যানস্থেটিস্ট ('অ্যান-এস-থে-টিস্ট'-এর মতো শোনায়) একজন প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার যিনি আপনাকে অপারেশনের সময় ঘুম পাড়ানোর ওষুধ দেন।

সার্জন ('স্যার-জন'-এর মতো শোনায়) একজন ডাক্তার যিনি অপারেশন করেন।

নার্স – হাসপাতালে আপনাকে এবং ডাক্তারদের সাহায্য করার জন্য সবসময় নার্স থাকবে। আপনার যদি কোনো উদ্বেগ থাকে তবে আপনি ডাক্তার বা নার্সের সাথে কথা বলতে পারেন।

অ্যানস্থেসিয়া দল – হাসপাতালের অ্যানস্থেটিস্ট এবং অন্যান্য কর্মী যারা অপারেশনের চলাকালীন এবং তার আগে ও পরে আপনার দেখাশোনা করবেন।

আপনার পরিচর্যাকারী আপনার সাথে হাসপাতালে আসতে পারবেন।

অপারেশনের জন্য প্রস্তুতি

অপারেশনের আগে আপনি যদি ফিট এবং সুস্বাস্থ্যের অধিকারী হয়ে থাকেন, তাহলে আপনি দ্রুত সুস্থ হয়ে উঠবেন এবং আপনার সমস্যা কম হবে।

আপনি যদি ধূমপান করেন, অ্যালকোহল পান করেন, অথবা অবৈধ ওষুধ গ্রহণ করেন, তাহলে অপারেশনের আগে আপনার সেগুলো বন্ধ বা কাটানোর চেষ্টা করা উচিত। আপনার জিপি আপনাকে বলতে পারেন যে কোথায় এই বিষয়ে সাহায্য পাওয়া যাবে।



আপনার ওজন যদি বেশি হয় তবে আপনার কিছু ওজন কমানোর চেষ্টা করা উচিত এবং স্বাস্থ্যকর খাবার খাওয়া উচিত। কোথায় সাহায্য পাওয়া যাবে সে ব্যাপারে আপনার ডাক্তার আপনাকে পরামর্শ দিতে পারবেন।

অপারেশনের জন্য আপনাকে ফিট হতে সাহায্য করতে হাঁটা এবং সিঁড়ি দিয়ে ওঠানামা করা ভালো ব্যায়াম।

অপারেশনের জন্য হাসপাতালে যাওয়ার আগে আপনার কোনও স্বাস্থ্য সমস্যা যেমন ডায়াবেটিস বা হাঁপানি থাকলে আপনার জিপির সাথে কথা বলুন। আপনার ডাক্তার নিশ্চিত করবেন যে আপনি সঠিক ওষুধ গ্রহণ করছেন।

আপনার আলগা দাঁত থাকলে অপারেশনের আগে সেগুলো ঠিক করতে আপনার দাঁতের ডাক্তারের কাছে যান। অপারেশনের সময় আলগা দাঁত খুলে আসতে পারে।

অপারেশনের পর স্বাভাবিকভাবে চলাফেরা করা এবং বাইরে যেতে অসুবিধা হতে পারে।

আপনি হাসপাতাল থেকে বাড়িতে ফেরার পর যাতে যথেষ্ট খাদ্য এবং আপনার নিয়মিত ওষুধ প্রচুর পরিমাণে মজুত থাকে, সে ব্যাপারে আপনার পরিবার, বন্ধুবান্ধব বা পরিচর্যাকারীকে বলে রাখুন।

অপারেশনের পর খুব ক্লান্ত বোধ করা স্বাভাবিক। আপনার পরিচর্যাকারী এবং পরিবারকে আপনার কাছে থাকতে বলুন এবং বাড়িতে ফিরে গেলে আপনাকে সাহায্য করতে বলুন।

হাসপাতালে অপারেশনের আগে

অপারেশন নিয়ে আলোচনার জন্য হাসপাতালের প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকের একজন নার্স বা অ্যানস্থেটিস্টের সাথে দেখা করার জন্য আপনাকে হাসপাতাল থেকে একটি তারিখ এবং সময় পাঠানো হবে।

আপনার পরিচর্যাকারী বা পরিবারের একজন সদস্য আপনার সাথে যেতে পারবেন।

ডাক্তার বা নার্স আপনাকে আপনার স্বাস্থ্য এবং আপনি যে ওষুধগুলো গ্রহণ করেন সেগুলো সম্পর্কে প্রশ্ন করবেন। **অ্যাপয়েন্টমেন্টের সময় আপনার নিয়মিত ওষুধগুলো মূল প্যাকেটে করে (অথবা সেগুলোর একটি তালিকা) নিয়ে আসুন।**



আপনার যে-কোনো অ্যালার্জি সম্পর্কে তাঁদেরকে জানান।

অপারেশন নিরাপদে এগিয়ে নিতে তাঁরা অপারেশনের আগে আপনার কিছু পরীক্ষা করার ব্যবস্থা করতে পারেন।

অপারেশনের আগে সবাই প্রায়ই চিন্তিত থাকেন। অপারেশন দলের যে কাউকে আপনি এবং আপনার পরিচর্যাকারী অপারেশন বা অ্যানস্থেটিক সম্পর্কে যে-কোনো প্রশ্ন করতে পারেন। তাঁরা যে-কোনো বিষয় ব্যাখ্যা করতে এবং আপনাকে সাহায্য করতে পারবেন।

অপারেশনের দিন

হাসপাতালে যাওয়ার আগে গোসল করুন। পরিষ্কার ত্বকে জীবাণুর সংক্রমণ হওয়ার সম্ভাবনা কম থাকে।

এগুলোর কোনোটি পরবেন **না** বা হাসপাতালে নিয়ে যাবেন না :

- ✘ অলংকার
- ✘ মেকে আপ অথবা ক্রিম
- ✘ নখের বার্নিশ
- ✘ অন্যান্য মূল্যবান জিনিসপত্র
- ✘ অতিরিক্ত টাকা





এগুলো হাসপাতালে নিয়ে যান :

- ✔ চশমা, আলগা দাঁত, অতিরিক্ত ব্যাটারিসহ শ্রবণ যন্ত্র, এগুলো রাখার জন্য একটি বাক্স
- ✔ আপনার নিয়মিত ওষুধ। কোনও ওষুধ গ্রহণ বন্ধ করতে হলে আপনাকে হাসপাতাল থেকে জানানো হবে।
- ✔ অপারেশনের দিন চিন্তামুক্ত থাকার জন্য গান শুনতে পারেন (হেডফোন ব্যবহার করে যাতে অন্য রোগীদের অসুবিধা না হয়), বই পড়তে পারেন বা গেম খেলতে পারেন।
- ✔ সেখানে ঠান্ডা হলে উষ্ণ ও আরামদায়ক কিছু পরুন, এবং নিজের পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য দরকারি জিনিসপত্র নিন।

কখন খাওয়া বন্ধ করতে হবে সেটি হাসপাতাল থেকে জানানো হবে।

এর অর্থ হলো মিষ্টি, চুইংগাম এমনকি দুধও বন্ধ করা। অপারেশনের সময় আপনার পেটে খাবার থাকলে বিপজ্জনক হতে পারে।



নার্স যতক্ষণ বলেন ততক্ষণ পর্যন্ত পানি পান করুন, এর ফলে জেগে ওঠার পর আপনি খুব বেশি পিপাসা অনুভব করবেন না।



আপনাকে হাসপাতাল থেকে একটি গাউন দেওয়া হবে এবং কব্জিতে পরার জন্য আপনাকে আপনার নামসহ একটি ব্যান্ড দেওয়া হবে।

অপারেশনের সময় হলে একজন নার্স আপনাকে অপারেশন থিয়েটারে নিয়ে যাবেন।

আপনার পরিচর্যাকারী বা নার্সকে আপনার সাথে যেতে দেওয়া হতে পারে।



অপারেশন দলের কর্মীরা আরও কয়েকটি পরীক্ষা করবেন এবং আপনার কব্জির ব্যান্ডেজে তথ্যগুলো দেখবেন। সবকিছু ঠিক আছে কি না এবং আপনি অপারেশন করতে সম্মত আছেন কি না নিশ্চিত করতে তাঁরা আপনাকে কিছু প্রশ্ন করবেন। আপনাকে একটি সম্মতি ফরমে স্বাক্ষর করতে বলা হবে।



অ্যানস্থেটিস্ট সাধারণত আপনার হাতের পেছনে একটি ছোট প্লাস্টিকের টিউব (ক্যানুলা) স্থাপন করবেন যাতে অপারেশনের সময় আপনাকে প্রয়োজনীয় সকল ওষুধ দেওয়া যায়। কখনও কখনও এটিকে আরও আরামদায়ক করতে আপনার অ্যানস্থেটিস্ট একটি ক্রিম ব্যবহার করবেন।

অনেক সময় আপনি অ্যানস্থেটিক ওষুধের বদলে শ্বাস-প্রশ্বাসের সাথে এক ধরনের গ্যাস গ্রহণ করে ঘুমিয়ে যেতে পারেন।

ঘুমিয়ে গেলে আপনি জেগে ওঠা পর্যন্ত অ্যানস্থেটিস্ট আপনার সাথে থাকবেন।

অপারেশনের পর এবং ঘরে ফেরা

অপারেশনের পর আপনি পুরোপুরি জেগে ওঠা ও আপনার অবস্থা সন্তোষজনক না হওয়া পর্যন্ত আপনাকে থিয়েটারের কাছে একটি কক্ষে নিয়ে যাওয়া হবে। সেখানে নার্সরা আপনার সাথে থাকবেন।

আপনাকে স্বস্তি দিতে প্রয়োজনে তাঁরা আপনাকে ওষুধও দিতে পারবেন।

যখন তাঁদের মনে হবে যে আপনি ভালোভাবে সুস্থ হয়ে উঠছেন, তাঁরা আপনাকে ওয়ার্ডে নিয়ে যাবেন।

ওয়ার্ডে আপনি আবার পানি ও অন্যান্য খাবার খাওয়া শুরু করতে পারবেন। এখানে কর্মীরা আপনাকে হাসপাতাল ছাড়তে প্রস্তুত করবেন।

আপনি বাড়িতে কোন ধরনের ব্যথানাশক ওষুধ দরকার সে সম্পর্কে হাসপাতালের কর্মীরা আপনার ও আপনার পরিচর্যাকারীর সাথে কথা বলবেন।

তাঁরা আপনাকে জানাবেন এগুলো কখন এবং কী পরিমাণে খেতে হবে।

আপনি বাড়িতে থাকা অবস্থায় কোনও সমস্যা হলে কাকে ফোন করতে হবে তা আপনি এবং আপনার পরিচর্যাকারী অবশ্যই জেনে রাখবেন। আপনি হাসপাতাল ছাড়ার আগেই হাসপাতালের কর্মীরা আপনাকে ফোন নম্বরটি জানাবেন।

বাড়ি যাওয়ার সময় অবশ্যই আপনার পরিচর্যাকারীকে সাথে রাখবেন। বাড়িতে ফিরে যাওয়ার পর প্রথম দিন এবং রাত থেকে শুরু করে তাঁকে অবশ্যই সবসময় আপনার সাথে রাখবেন।

অপারেশনের পর কয়েকদিন এগুলোর সাথে ধীরে ধীরে মানিয়ে নিন। হাসপাতাল থেকে আপনাকে যে নির্দেশনা এবং ব্যায়াম করতে দেওয়া হবে সেগুলো সাবধানে অনুসরণ করুন।

আপনি খুব অসুস্থ বোধ করলে বা গরম অনুভব করলে এবং ঘামতে শুরু করলে আপনার পরিচর্যাকারীকে বলুন হাসপাতালে ফোন করতে বা আপনাকে হাসপাতালে নিয়ে যেতে।

আপনার ক্ষত নিয়ে কোনও উদ্বেগে থাকলে আপনার জিপি বা হাসপাতালের সাথে যোগাযোগ করুন।

আপনি কখন আবার গাড়ি চালানো শুরু করতে পারবেন সে সম্পর্কে আপনাকে দেওয়া যে-কোনো নির্দেশনা অনুসরণ করুন।

আপনার অপারেশনের জন্য শুভ কামনা!

কোনও প্রশ্ন থাকলে বা কোনও বিষয় পরিষ্কারভাবে না বুঝলে হাসপাতালের কর্মীদের জিজ্ঞেস করতে ভুলবেন না। তাঁরা সবসময় আপনাকে সাহায্য করতে প্রস্তুত।

দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে **এখানে** ক্লিক করুন। (rcoa.ac.uk/patient-information/translations/bengali)

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনাদের পরামর্শ জানতে চাই। আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :

@ patientinformation@rcoa.ac.uk

020 7092 1500

Royal College of Anaesthetists
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

rcoa.ac.uk

দ্বিতীয় সংস্করণ, মার্চ ২০২২

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে পাঁচ বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

2022 Royal College of Anaesthetists ©

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটের অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

এই লিফলেটটি CHANGE People দ্বারা পর্যালোচনা করা হয়েছে

changepeople.org